দ্বিতীয় অনুরোধ পত্র
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহন পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা
www.tmed.gov.bd.

নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৫৩.২০-৩৪৫ তারিখঃ ১৯ কার্তিক, ১৪২৭ / ০৪ নভেম্বর, ২০২০

বিষয়টিঃ মোকাম বরিশালের বিজ্ঞ বিভাগীয় স্পেশাল জজ আদালতের দেওয়ানী আপীল ১৩০/২০১৮নং মোকদ্দমার বিগত ইং- ১৪.০১.২০২০ তারিখের আদেশবলে চাকুরীতে পুনর্বহাল পূর্বক যোগদানের আদেশসহ পূর্ণ আর্থিক সুবিধা প্রদানের নিমিত্ত তথ্য প্রদান সংক্রান্ত।

সূত্র: (১) জনাব আব্দুল জব্বার ফকির, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) এর আবেদনপত্র, তারিখ: ১৬.০৬.২০২০ খ্রি.
(২) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৫৩.২০-২৬৬, তারিখ: ২৪/০৯/২০২০ খ্রি.

উপযুক্ত বিষয়ে ও সূত্রোক্ত (১) নং পত্রে আবেদনকারী কর্তৃক উল্লেখ করা হয়েছে যে,

(ক) বরিশাল জেলার বানারীপাড়া থানাধীন আহমদাবাদ হোসাইনিয়া সিনিয়র মাদ্রাসার প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) জনাব মোঃ আব্দুল জব্বার ফকির চাকুরীতে থাকাকালীন গত ৩০.০১.২০১১ তারিখের স্মারক নং-০৩ মোতাবেক তাকে চাকুরী হতে সাময়িক বরখাস্ত করা হয়।

(খ) উক্ত বরখাস্তের আদেশের বিরুদ্ধে তিনি মোকাম বানারীপাড়া সহকারী জজ আদালতে দেং মোং ৩৩/১১ নং এবং বরিশালের বিজ্ঞ জেলা জজ আদালতে আপীল ১৩০/২০১৮ নং মোকদ্দমা আনয়ন করেন। দেওয়ানী আপীল মোকদ্দমাটি বিচারের জন্য বিভাগীয় স্পেশাল জজ আদালতে বদলী করা হয়।

(গ) বর্ণিত আদালতে বিজ্ঞ বিচারক ১৪.০১.২০২০ খ্রি. তারিখে রায় ঘোষণা করে গত ৩০.০১.২০১১ খ্রি. তারিখের সাময়িক বরখাস্তের আদেশ এবং ১৭.০৩.২০১১ ও ০২.০৫.২০১১ খ্রি. তারিখের চূড়ান্ত বরখাস্তের নোটিশ অবৈধ ও অকার্যকর এবং তাকে স্বপদে বহাল থাকার ঘোষণামূলক ডিক্রি প্রদানসহ সাময়িক বরখাস্তকালীন সময় হইতে বিধি অনুসারে পূর্ণ আর্থিক সুবিধা প্রদানের নির্দেশনা দেন।

(ঘ) সে মোতাবেক জনাব মোঃ আব্দুল জব্বার গত ১৯.০৩.২০২০ খ্রি. তারিখে উল্লেখিত মাদ্রাসায় "কাজে যোগদান পত্র" নিয়ে অধ্যক্ষ ও সভাপতি মহোদয়ের নিকট দাখিল করলে যোগদান পত্র গ্রহণে অনিহা প্রকাশ করলে যোগদানপত্র খানা গত ২৫.০৩.২০২০ খ্রি. তারিখে রেজিষ্ট্রি ডাকযোগ প্রেরণ করেন।

(ঙ) বর্ণিত মাদ্রাসার অধ্যক্ষ ডাকযোগ প্রেরিত "কাজে যোগদানের আবেদন পত্র" প্রাপ্ত হয়ে কোন ব্যবস্থা গ্রহণ না করায় তিনি পুনরায় গত ০৩.০৬.২০২০ খ্রি.তারিখে যোগদানপত্র নিয়ে অধ্যক্ষ ও সভাপতি বরাবর উপস্থিত হয়ে যোগদানপত্র গ্রহণে বিনীত অনুরোধ জানালে মাদ্রাসার অধ্যক্ষ যোগদানপত্র গ্রহণ করেননি।

(চ) অতপর পুন:রায় যোগদানপত্রটি গত ০৪.০৬.২০২০ খ্রি. তারিখে রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করেন। উক্ত মাদ্রাসার অধ্যক্ষ যোগদান পত্র পাওয়া সত্ত্বেও অদ্য পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করেন নাই।

(ছ) উপরিউক্ত বিবরণের আলোকে বরিশাল জেলার বানারীপাড়া থানাধীন আহমদাবাদ হোসাইনিয়া সিনিয়র মাদ্রাসার প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান) জনাব মোঃ আব্দুল জব্বার ফকির-কে তার কর্মস্থলে যোগদানের আদেশ দানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, টিএমইডি-কে অনুরোধ জানিয়েছেন।

০২. এ বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নবর্ণিত তথ্য (প্রমাণকসহ) প্রয়োজন:

(i) দেওয়ানী আপিল মামলা নং-১৩০/২০১৮ -এ বিজ্ঞ আদালত (বিভাগীয় স্পেশাল জর্জ, বরিশাল) কর্তৃক প্রদত্ত গত ১৪.০১.২০২০ খ্রি. তারিখের রায় ও আদেশ সঠিক কিনা?

(ii) আপিল মামলা নং-১৩০/২০১৮ এর রায়ের আলোকে আপিলকারী জনাব মোঃ আব্দুল জব্বার ফকির কর্তৃক কর্মে যোগদানের জন্য যোগদানপত্র দাখিল করা হয়েছিল কিনা? করে থাকলে তা গৃহীত হয়েছে কিনা? না হয়ে থাকলে এর কারণ এবং আইনগত ভিত্তি কি?

চলমান পাতা-০২

(iii) জনাব মোঃ আব্দুল জব্বার ফকিরের কর্মে যোগদান সংক্রান্ত আবেদন গ্রহণ না করার সুযোগ আছে কি? থাকলে কোন আইন ও বিধানের আলোকে তা করা হয়েছে প্রমাণকসহ তথ্য প্রয়োজন।

(iv) কর্মে যোগদানের আবেদন ০৪ (চার) বার দাখিলের পরও তা গৃহীত না হওয়ার প্রমাণক ও আইনগত ব্যাখ্যাসহ তথ্য প্রয়োজন।

০৩. উপরিউক্ত (অনুচ্ছেদ-০২ বর্ণিত) তথ্যসমূহ গত ১১.১০.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে আবশ্যিকভাবে প্রেরণের জন্য সূত্রোক্ত (২) নং স্মারকমূলে মহোদয়-কে অনুরোধ করা হয়েছিল কিন্তু অদ্যাবধি উল্লিখিত তথ্যাদি না পাওয়ায় এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হচ্ছে না যা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮.১(খ) অনুচ্ছেদ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

০৪. এমতাবস্থায়, সরকারি আদেশ প্রতিপালন না করায় তাঁর বিরুদ্ধে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮.১(খ) অনুচ্ছেদ অনুযায়ী কেন শাস্তিমূলক ব্যবস্থা (এমপিও বন্ধকরণ) গ্রহণ করা হবে না আগামি ১৫/১১/২০২০ তারিখের মধ্যে তার কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হলো।

০৪.১১.২০

(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
☏: ৯৫৭৫২৭২

অধ্যক্ষ
আহমদাবাদ হোসাইনিয়া সিনিয়র মাদ্রাসা
পোস্ট: সলিয়াবাকপুর
থানা: বানারীপাড়া
জেলা: বরিশাল

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গার্লস গাইড হাউজ (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, রমনা, ঢাকা-১০০০।
২. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অতিরিক্ত সচিব (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা- বানারীপাড়া, জেলা- বরিশাল **{উক্ত পত্রটি অধ্যক্ষ, আহমদাবাদ হোসাইনিয়া সিনিয়র মাদ্রাসা, এর উপর জারীক্রমে প্রাপ্তিস্বীকার পত্রের প্রমাণকসহ (bhmobin@gmail.com ই-মেইলে) আগামি ০৯/১১/২০২০ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করার অনুরোধসহ}।**
৭. অফিস কপি/মাষ্টার কপি।